

# ডোমেইন অনুমোদন সম্পর্কে

বর্তমানে বিটিসিএল এর ডোমেইন নিম্নলিখিত উপায়ে অনুমোদিত হচ্ছে-

- ১। ব্যক্তিগত আবেদনের ক্ষেত্রে (Individual ক্যাটাগরি) ডোমেইন রেজিস্ট্রেশন করতে চাইলে শুধুমাত্র জাতীয় পরিচয়পত্রে উল্লিখিত নামের স্ট্রিং ব্যবহার করে ডোমেইন আবেদন করতে হবে। তবে .info.bd এক্সটেনশনে থার্ড লেভেল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে এরূপ বাধ্যবাধকতা প্রযোজ্য নয়।
- ২। বাণিজ্যিক প্রতিষ্ঠান .com.bd এক্সটেনশনে থার্ড লেভেল ডোমেইন রেজিস্ট্রেশন করতে চাইলে উক্ত ডোমেইন এর নামের সাথে সাদৃশ্যপূর্ণ “ট্রেড লাইসেন্স” দিয়ে Organization টাইপ প্রোফাইল তৈরি করে আবেদন করতে হবে। তবে সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত দপ্তর বা সংস্থার ক্ষেত্রে এরূপ বাধ্যবাধকতা প্রযোজ্য নয়।
- ৩। এছাড়া অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রেও (সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত দপ্তর বা সংস্থা বাদে) ডোমেইন রেজিস্ট্রেশন করতে চাইলে উক্ত ডোমেইন এর নামের সাথে সাদৃশ্যপূর্ণ “ভেরিফিকেশন ডকুমেন্ট” দিয়ে Organization টাইপ প্রোফাইল তৈরি করে আবেদন করতে হবে।
- ৪। শিক্ষা প্রতিষ্ঠান .edu.bd এক্সটেনশনে থার্ড লেভেল ডোমেইন রেজিস্ট্রেশন করতে চাইলে “ভেরিফিকেশন ডকুমেন্ট” হিসেবে শিক্ষাবোর্ড/ মাদ্রাসা বোর্ড/ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনপত্র দিয়ে Organization টাইপ প্রোফাইল তৈরি করে আবেদন করতে হবে।